

# International Bangladesh Foundation

Patron Lord Dholakia

Chair Lord Avebury

Unit 11, 895 High Road, Chadwellheath, Romford, Essex RM6 4HL.UK

Tel: Sujit Sen 0208 598 2222 or Ansar Ahmed Ullah 07956 890689, Fax: 020 8586 1098

Email: admin@shadinata.org.uk or sujit7@hotmail.com, Web: http://web.telia.com/~u19320550/

সংবাদ বিজ্ঞপ্তি

তারিখঃ ১১ জুলাই ২০০৬

## বাংলাদেশের মানবাধিকার ও নির্বাচন নিয়ে আন্তর্জাতিক সেমিনার ১৫ জুলাই

বাংলাদেশের আসন্ন সাধারণ নির্বাচন এবং নিরাপত্তা ও মানবাধিকার বিষয়ক এক আন্তর্জাতিক সেমিনার আগামী ১৫ জুলাই শনিবার ইউনিভার্সিটি অব লন্ডনের কিংস কলেজের ডব্লিউ বি এল থিয়েটারে (ফ্রাঙ্কলিন-উইলকিনস্ বিল্ডিং, ওয়াটারলু ক্যাম্পাস, ১৫০ স্টামফোর্ড স্ট্রিট, লন্ডন এসই১ ৯এনএইচ) অনুষ্ঠিত হবে।

ইউকে হিউম্যান রাইটস্ পার্লামেন্টারী গ্রুপের ভাইস চেয়ার লর্ড এ্যাভেবুরী এবং ব্রিটিশ বাংলাদেশ পার্লামেন্টারী গ্রুপের ভাইস চেয়ার জেরিমি কবেন এমপি'র যৌথ সভাপতিত্বে অনুষ্ঠিতব্য এই সেমিনারে বাংলাদেশের ১৪ দলীয় জোটের শীর্ষস্থানীয় নেতৃবৃন্দ, যুক্তরাজ্যস্থ বাংলাদেশ হাই কমিশনের প্রতিনিধি, ক্ষমতাসীন বিএনপি দলীয় এমপি মূল বক্তা হিসেবে উপস্থিত থাকবেন। সেমিনারে বিভিন্ন রাজনৈতিক, মানবাধিকার ও ধর্মীয় সংগঠনের নেতৃবৃন্দও অংশ নেবেন।

বাংলাদেশে মানবাধিকার পরিস্থিতির ক্রমাবনতি, ধর্মীয় জঙ্গিবাদের উত্থান, ধর্মীয় সংখ্যালঘুদের উপর অব্যাহত নিপীড়ন নির্যাতন এবং অবাধ ও স্বচ্ছ নির্বাচনের পরিবেশ সৃষ্টিতে ব্যর্থতা দেশে বিদেশে গভীর উদ্বেগের সৃষ্টি করেছে। আগামী অক্টোবর মাসে বর্তমান সরকারের মেয়াদ উত্তীর্ণের পর অনুষ্ঠেয় সাধারণ নির্বাচনে সকল দলের অংশ গ্রহণ, একটি সুষ্ঠু ও স্বচ্ছ নির্বাচন আয়োজনের ওপর নির্ভর করছে বাংলাদেশের গণতন্ত্রের ভবিষ্যত। কিভাবে চলমান সংকট থেকে দেশকে রক্ষা করে সকল মহলের কাছে গ্রহণযোগ্য নির্বাচন অনুষ্ঠান করা যায়, তা নিয়ে সেমিনারে বক্তারা আলোচনা করবেন।

সেমিনারে যোগ দিতে হলে নাম রেজিস্ট্রেশন করতে হবে। এ ব্যাপারে বিস্তারিত জানার জন্য আনসার আহমদ উল্লাহর সাথে ০৭৯৫৬ ৮৯০৬৮৯ নাম্বারে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হয়েছে।

লন্ডন ভিত্তিক মানবাধিকার সংগঠনগুলোর সহযোগিতায় স্বাধীনতা ট্রাস্ট এবং ইন্টারন্যাশনাল বাংলাদেশ ফাউন্ডেশন এই সেমিনারের আয়োজন করেছে।

সংবাদ বিজ্ঞপ্তি